গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৬০

**জেলা তথ্য অফিসের পরিচালক তাজকিয়া আকবারী'র অবসরজনিত বিদায় সংবর্ধনা**

রাজশাহী; ১০ বৈশাখ (২৩ এপ্রিল):

রাজশাহী জেলা তথ্য অফিসের পরিচালক তাজকিয়া আকবারী'র অবসরজনিত বিদায় সংবর্ধনা আজ বৃহস্পতিবার (২৩ এপ্রিল) দপ্তরটির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। চলতি মাসের ১৬ তারিখে ৫৯ বছর বয়স পূর্তিতে তিনি অবসরে যান। দপ্তরটির কর্মকর্তা-কর্মচারী এবং রাজশাহী পিআইডির কর্মকর্তারা বিদায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, তাজকিয়া আকবারী ১৯৯৪ সালে রাজশাহী জেলা তথ্য অফিসে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন। এরপর তিনি রাজশাহী পিআইডি, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিস, বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং সবশেষে রাজশাহী জেলা তথ্য অফিসে পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

.................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৫.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd